বাংলাদেশের সুবর্ণজয়ন্তী Bangladesh 50

মুজিব শতবর্ষ MUJIB 100

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-১ শাখা।
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০০.০০০০.০৬৩.২৭.০০৫.২১- ১৪

তারিখ: ১৯ পৌষ , ১৪২৮ বঙ্গাব্দ।
০৩ জানুয়ারি, ২০২২ খ্রিস্টাব্দ।

## প্রজ্ঞাপন

যেহেতু, বগুড়া জেলার দুপচাঁচিয়া পৌরসভার কাউন্সিলর, ০৭ নং ওয়ার্ড (প্যানেল মেয়র-১) জনাব মো: ইদ্রিস আলী এর বিরুদ্ধে দুপচাঁচিয়া থানার মামলা নং-১২, তারিখ: ২৪/০২/২০১৫ জি আর-২৯/২০১৫, এসটি নম্বর ২৭০/১৬ এর অভিযোগপত্র বিজ্ঞ আদালত কর্তৃক গৃহীত হয়েছে;

যেহেতু, স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা ৩১(১) মোতাবেক যেক্ষেত্রে কোন পৌরসভার মেয়র অথবা কোন কাউন্সিলর অপসারণের কার্যক্রম আরম্ভ করা হইয়াছে অথবা তাহার বিরুদ্ধে ফৌজদারী মামলায় অভিযোগপত্র আদালত কর্তৃক গৃহীত হইয়াছে, সেই ক্ষেত্রে নির্ধারিত কর্তৃপক্ষের বিবেচনায় মেয়র অথবা কাউন্সিলর কর্তৃক ক্ষমতা প্রয়োগ পৌরসভার স্বার্থের পরিপন্থী অথবা প্রশাসনিক দৃষ্টিকোণে সমীচীন না হইলে, সরকার লিখিত আদেশের মাধ্যমে মেয়র অথবা কাউন্সিলরকে সাময়িকভাবে বরখাস্ত করিতে পারিবে; এবং

যেহেতু, বগুড়া জেলার দুপচাঁচিয়া পৌরসভার কাউন্সিলর, ০৭ নং ওয়ার্ড (প্যানেল মেয়র-১) জনাব মো: ইদ্রিস আলী এর বিরুদ্ধে দুপচাঁচিয়া থানার মামলা নম্বর-১২, তারিখ: ২৪ ফেব্রুয়ারি, ২০১৫, জিআর নম্বর ২৯/২০১৫, এসটি নম্বর ২৭০/১৬ এর অভিযোগপত্র ২৮ এপ্রিল, ২০১৬ তারিখে বিজ্ঞ আদালত কর্তৃক গৃহীত হওয়ায় উক্ত পৌরসভার কাউন্সিলর [০৭ নং ওয়ার্ড (প্যানেল মেয়র-১)] কর্তৃক সংঘটিত অপরাধমূলক কার্যক্রম পৌর পরিষদসহ জনস্বার্থের পরিপন্থী মর্মে সরকার মনে করে;

সেহেতু, স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা ৩১(১) অনুযায়ী বগুড়া জেলার দুপচাঁচিয়া পৌরসভার কাউন্সিলর, ০৭ নং ওয়ার্ড (প্যানেল মেয়র-১) জনাব মো: ইদ্রিস আলী-কে দুপচাঁচিয়া পৌরসভার কাউন্সিলর এর পদ থেকে সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

০২। এ আদেশ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারি করা হলো এবং ইহা অবিলম্বে কার্যকর হবে।

০৩.০১.২০২২

(মোহাম্মদ ফারুক হোসেন)
উপ সচিব
ফোনঃ ৯৫১৪১৪২

স্মারক নং-৪৬.০০.০০০০.০৬৩.২৭.০০৫.২১- ১৪/১(৭)

তারিখ: ১৯ পৌষ , ১৪২৮ বঙ্গাব্দ।
০৩ জানুয়ারি, ২০২২ খ্রিস্টাব্দ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:-

১। অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। যুগ্মসচিব (নগর উন্নয়ন-২), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। জেলা প্রশাসক, বগুড়া (পত্রটি সংশ্লিষ্ট পৌর মেয়র এর নিকট প্রেরণ নিশ্চিত করে স্থানীয় সরকার বিভাগকে অবহিত করার অনুরোধসহ)।
৪। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। মেয়র/প্যানেল মেয়র-১, দুপচাঁচিয়া পৌরসভা, বগুড়া।
৬। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। জনাব মো: ইদ্রিস আলী (সাময়িকভাবে বরখাস্তকৃত), কাউন্সিলর, ০৭নং ওয়ার্ড, (প্যানেল মেয়র-১) দুপচাঁচিয়া পৌরসভা, বগুড়া।

০৩.০১.২০২২

(মোহাম্মদ ফারুক হোসেন)
উপ সচিব

G:\Old Data\D\All Document\DECIPLINE\LETTER -DEATH & SUSPENT.doc-18